

স্মারক নং- মমেক/২০২১/ ২৮২৪(৯)

তারিখ- ২৫/০৫/২০২১ ইং

## বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র প্রতিষ্ঠানের এমবিবিএস এবং বিডিএস কোর্সের সকল ছাত্র/ছাত্রীদের অবগতির জন্য জানানো যাইতেছে যে, করোনার পরিস্থিতির জন্য দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ আছে। বর্তমানে অত্র কলেজের সকল ক্লাস অন লাইনের মাধ্যমে চলিতেছে বিধায় কোন ছাত্র/ছাত্রীর হোস্টেলে অবস্থান করার প্রয়োজন নাই। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা এবং অদ্য ২৫/০৫/২০২১ ইং তারিখের সিনিয়র শিক্ষকদের সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ২৪ ঘণ্টার মধ্যে সকল ছাত্র/ছাত্রীদেরকে ছাত্রাবাস/ছাত্রীনিবাস ত্যাগ করার নির্দেশ দেওয়া হইল এবং আগামী ১২/০৬/২০২১ ইং তারিখ পর্যন্ত স্নাতক কোর্সের লাইব্রেরী বন্ধ থাকিবে। নির্ধারিত সময়ের পর কেহ হোস্টেলে অবস্থান করিলে তাহার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

উল্লেখ্য, বিদেশী ছাত্র/ছাত্রী এবং ইন্টার্ন চিকিৎসকগণ আইডি কার্ডসহ হোস্টেলে অবস্থান করিতে পারিবেন। ১২/০৬/২০২১ ইং তারিখ পর্যন্ত জরুরী প্রয়োজন ছাড়া কোন ছাত্র/ছাত্রী কলেজ ক্যাম্পাসে অবস্থান করিতে পারিবে না।

(স্বাক্ষরিত)

অধ্যাপক ডাঃ চিত্ত রঞ্জন দেবনাথ

অধ্যক্ষ

ময়মনসিংহ মেডিকেল কলেজ, ময়মনসিংহ।

স্মারক নং- মমেক/২০২১/২৮২৪(৯)

তারিখ- ২৫/০৫/২০২১ ইং

অবগতির জন্য অনুলিপি প্রেরণ/প্রচার করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। পরিচালক, ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল, ময়মনসিংহ।
- ২। উপাধ্যক্ষ, ময়মনসিংহ মেডিকেল কলেজ।
- ৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ৪। পুলিশ সুপার, ময়মনসিংহ।
- ৫। পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, ময়মনসিংহ।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কোতুয়ালী মডেল থানা, ময়মনসিংহ।
- ৭। তত্ত্বাবধায়ক, ছাত্রাবাস/ছাত্রীনিবাস, ময়মনসিংহ মেডিকেল কলেজ।
- ৮। লাইব্রেরীয়ান, মমেক।
- ৯। অত্র প্রতিষ্ঠানের Website: [www.mmc.gov.bd](http://www.mmc.gov.bd)
- ১০। নোটিশ বোর্ড, ময়মনসিংহ মেডিকেল কলেজ, ছাত্রাবাস/ছাত্রীনিবাস।

(স্বাক্ষরিত)

অধ্যাপক ডাঃ চিত্ত রঞ্জন দেবনাথ

অধ্যক্ষ

ময়মনসিংহ মেডিকেল কলেজ, ময়মনসিংহ।